তারিখ : 21 MAR 2016
পৃষ্ঠা : ১৬ কলাম : ৬

সংবাদ

### বদরগঞ্জে মেয়ে ও মাকে নির্যাতন

# শিক্ষক গ্রেফতার হলেও বখাটে ছেলে হয়নি

**প্রতিনিধি, বদরগঞ্জ (রংপুর)**

রংপুরের বদরগঞ্জে মেয়ে উত্ত্যক্তের বিচার চাওয়ায় মাকে নির্যাতনের ঘটনায় সেই প্রভাবশালী শিক্ষক আজাহারুল ইসলাম অবশেষে গ্রেফতার হয়েছেন। তবে এখন পর্যন্ত পুলিশ তার বখাটে ছেলেকে গ্রেফতার করতে পারেনি। এ কারণে আতঙ্কে রয়েছেন মামলার বাদী দুলালী বেগম।

উল্লেখ্য- উপজেলার দামোদরপুর ইউনিয়নের আমরুলবাড়ি এলাকার ডাক্তারপাড়ার সাদেকুল ইসলাম ঢাকার একটি পোশাক তৈরির কারখানায় কাজ করেন। আর তার স্ত্রী দুলালী বেগম ছেলেমেয়েকে নিয়ে বাড়িতে থাকেন। মেয়েটি আমরুলবাড়ি হাইস্কুলে পড়াশোনা করে। কিন্তু তাকে প্রতিনিয়ত উত্ত্যক্ত করে আসছিল দক্ষিণ মুকসুদপুর খিয়ারডাঙ্গা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রভাবশালী শিক্ষক আজাহারুল ইসলামের বখাটে ছেলে নওসাদ আলী। এ কারণে মেয়েটি স্কুলে যাওয়া বন্ধ করে দেয়। কিন্তু এতেও তার রক্ষা হয়নি। বখাটে নওসাদ মেয়ের বাড়ি গিয়েও উত্ত্যক্ত করতে থাকে। এ কারণে মা দুলালী বেগম ছেলের অপকর্মের কথা বাপকে বলতে যান এবং নির্যাতনের শিকার হন। শিক্ষক আজাহারুলসহ পরিবারের অন্যরা দুলালী বেগমকে প্রকাশ্যে লাঠিপেটা করেন। এ সময় দুলালী বেগম জ্ঞান হারিয়ে ফেললে তাকে মৃত ভেবে নির্যাতনকারীরা পালিয়ে যায়। পরে এলাকার লোকজন তাকে উদ্ধার করে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করান। গত ১১ মার্চ

শিক্ষক : পৃষ্ঠা : ১৫ ক : ৬

## শিক্ষক : গ্রেফতার

(১৬ পৃষ্ঠার পর)

এ ঘটনায় দুলালী বেগম বাদী হয়ে বাবা আজাহারুল ইসলাম ও ছেলে নওসাদ আলী এবং হাসু মিয়াসহ মোট ৫ জনকে আসামি করে মামলা দেন। মামলা দায়েরের পর থেকে আজাহারুল ইসলামসহ অন্যরা আত্মগোপনে থেকে দুলালী বেগমকে মামলা তুলে নিতে নানাভাবে হুমকি দেন। এ কারণে পুলিশ তাদের গ্রেফতার করতে মরিয়া হয়ে উঠে এবং আজাহারুল ইসলামকে গ্রেফতার করতে সক্ষম হয় বলে বদরগঞ্জ থানার ওসি মোস্তাফিজার রহমান জানিয়েছেন। তবে এখন পর্যন্ত তার বখাটে ছেলে নওসাদ কিংবা হাসু কেউই গ্রেফতার হয়নি। ফলে মামলার বাদী দুলালী বেগম মেয়েকে নিয়ে আতঙ্কে দিন কাটাচ্ছেন। দুলালী বেগম জানিয়েছেন- নওসাদ ও তার ভাই হাসু মিয়া মামলা তুলে নিতে প্রতিনিয়ত হুমকি দিচ্ছে।

এ ব্যাপারে বদরগঞ্জ থানায় যোগাযোগ করা হলে ওসি মোস্তাফিজার রহমান বলেন, আসামিদের ধরতে পুলিশী অভিযান অব্যাহত রয়েছে। তবে তারা আত্মগোপনে থাকায় তাদের ধরা সম্ভব হচ্ছে না।